**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 03.09.2026** **Desk in Charge : SDG**
**Time: 1-40 PM** **Edit & Compile : Sudip B.**
**DEO: KB** **NRT : Sudip Basu**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

*****************************************************************************

কিংবদন্তী চলচ্চিত্র অভিনেতা মহানায়ক উত্তম কুমারের জন্মশতবর্ষে আজ নানা অনুষ্ঠানে তাকে স্মরণ করা হচ্ছে। এই উপলক্ষে রাজ্য সরকার আজ থেকে আগামী ৬ তারিখ পর্যন্ত নানা অনুষ্ঠানের আয়োজন করছে। টালিগঞ্জে আজ সকালে তাঁর মূর্তিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ভাষনে প্রধানমন্ত্রীর ‘মন কি বাতে’ উত্তম কুমারের জন্মশতবার্ষিকী উল্লেখ করা প্রসঙ্গে তিনি বলেন, এটা শুধু বাংলার নয় সারা দেশের কাছে গর্বের বিষয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রঞ্জিত মল্লিক, গৌতম ঘোষ, প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, জিৎ, দেব, রুদ্রনীল ঘোষ সহ গন্যমান্য ব্যক্তিত্বরা। এর আগে আহিরীটোলায় উত্তম কুমারের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান তথ্য সংস্কৃতি প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী। সেখানেও মহানায়কের পরিবারের লোকেরা এবং সিনেমা শিল্পের সঙ্গে যুক্ত কলাকুশলী উপস্থিত ছিলেন।

উত্তম কুমারের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের শুরু কলকাতাতে হলেও বছরজুড়ে তা ছড়িয়ে দেওয়া হবে জেলা স্তরে।

একটি প্রতিবেদন- ( ভিসি অভিজিৎ দা )

**************************

কেন্দ্রীয় সরকার, ‘ন্যাশনাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথি’কে ‘সেন্টার অফ এক্সিলেন্স’ হিসেবে গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে। কলকাতায় আজ প্রতিষ্ঠানের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে এক অনুষ্ঠানে আয়ুষ প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব বলেন,এই প্রতিষ্ঠান দেশের

মধ্যে অন্যতম সেরা হোমিওপ্যাথি ইনস্টিটিউট। এই প্রতিষ্ঠানকে আরো উন্নত ভাবে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হচ্ছে।

এদিকে রাজ্যে বহু হোমিওপ্যাথিক ওষুধে স্টেরয়েড ব্যবহার করা হয় বলে অভিযোগ উঠেছে। সে প্রসঙ্গে এক প্রশ্নের উত্তরে শ্রী যাদব বলেন, আয়ুষ মন্ত্রক একটি পোর্টাল চালু করেছে। কোন ভুল ওষুধ বিক্রি বা সে বিষয়ে বিজ্ঞাপন দেওয়া হলে যে কেউ অনলাইনে অভিযোগ জানাতে পারেন, মন্ত্রক দ্রুত সে বিষয়ে ব্যবস্থা নেবে।

( বাইট- প্রতাপ রাও যাদব )

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, রাজ্যের স্বাস্থ্য প্রতিমন্ত্রী সুমনা সরকার প্রমূখ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

**************************

বিগত সরকারগুলি, রাজ্যে আধুনিক শিক্ষার প্রসারে নানাভাবে অন্তরায় সৃষ্টি করেছে বলে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। আজ গোলপার্ক রামকৃষ্ণ মিশনে 'বিদ্যাভারতী'র একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, বাম আমলে ইংরেজী শিক্ষা কার্যত বন্ধ করে দেওয়া হয়েছিল। মাতৃভাষায় শিক্ষা'ও কার্যত হারিয়ে যেতে বসেছিল। তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনা করে তিনি বলেন, বাঙালী ঐতিহ্য ও সংস্কৃতি যেমন ভুলিয়ে দেবার চেষ্টা হয়েছে, তেমনি শিশু মনে বিভাজনের সৃষ্টি করা হয়েছে, পাঠ্যক্রমের পরিবর্তনের মাধ্যমে। তাঁর সরকার রাজ্যের শিক্ষা ব্যবস্থার হাল ফেরাতে নানা পদক্ষেপ করছে বলে শুভেন্দু বাবু এদিন মন্তব্য করেন।

( বাইট- শুভেন্দু )

**************************

দুর্নীতি দমন কমিশন আজ কলকাতার নিউ আলিপুরে হাকিম কেমিক্যাল্‌স নামে একটি সংস্থার গোডাউন ও কার্যালয়ে তল্লাশি চালাচ্ছে। সংস্থাটি বিক্ষুব্ধ তৃণমূল কংগ্রেস নেতা তথা কলকাতার প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিমের নামে রয়েছে বলে সূত্রের খবর। হাকিম কেমিক্যাল্‌স-এর কাগজপত্র ও লেনদেনের তথ্য খতিয়ে দেখা হচ্ছে বলে জানা গেছে।

**************************

কলকাতার ক্যামাক স্ট্রীটে তৃণমূল কংগ্রেসের কার্যালয়ে হামলা ও ভাঙচুরের অভিযোগে পুলিশ, ৬'জনকে গ্রেপ্তার করেছে। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে সূত্রের খবর।

আজ ভোরে কয়েকজন দুষ্কৃতী ওই দফতরে ঢুকে ভাঙচুর চালায় বলে তৃণমূলের অভিযোগ। দলের সাধারণ সম্পাদক, সাংসদ অভিষেক ব্যানার্জী একটি সিসিটিভি ক্যামেরার ফুটেজ সামাজিক মাধ্যমে শেয়ার করে বিজেপি-র দিকে অভিযোগের আঙ্গুল তুলেছেন। হামলার কথা ফোনে এবং ইমেল-এ পুলিশকে জানানো হলেও ২ ঘণ্টা তাদের তরফে কোন সাড়া মেলেনি বলে দলীয় নেতৃত্বের দাবি।

বিজেপির প্রধান মুখপাত্র দেবজিৎ সরকার বলেছেন, তৃণমূল কংগ্রেস যখন ক্ষমতায় ছিল, জেলায় জেলায় বিজেপির কার্যালয় এমনকি কর্মীদের বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হত। তৃণমূল জামান্য প্রশাসন অপরাধীদের গ্রেপ্তারে তৎপরতা না দেখালেও বর্তমান প্রশাসন ৬'জনকে আটক করেছে। সত্যতা প্রমাণিত হলে অপরাধীরা ছাড় পাবে না বলেও জানিয়েছেন তিনি।

*************************

পূর্ব বর্ধমানের শ্রী রামকৃষ্ণ-সারদা বিদ্যাপীঠের প্রাথমিক বিভাগের প্রধান শিক্ষক পলাশ চৌধুরী, 'জাতীয় শিক্ষকে'র সম্মান পাচ্ছেন।

প্রাক প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত চলা এই বিদ্যালয়টি একশ শতাংশ পেপারলেস এবং ডিজিটালাইজ্‌ড। স্কুলের রয়েছে নিজস্ব অ্যাপ। শিক্ষক না থাকলেও যাতে পঠন পাঠনে সমস্যা না হয়, সেইভাবেই তৈরী করা হয়েছে পড়ুয়াদের। সপ্তাহের একটি দিন শনিবার, পালিত হয় 'নো ব্যাগ ডে'। পাশাপাশি ছোট ছোট ছেলেমেয়েদের পুষ্টির জন্য দেওয়া হয় প্রাতঃরাশ। প্রধান শিক্ষকের পুরস্কার পাওয়ার খবরে উচ্ছ্বসিত, খুদে পড়ুয়া থেকে শিক্ষক শিক্ষিকারা।

**************************************************************************